গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৪.২০১১.৪৬৫

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ / ২৮ অক্টোবর ২০২৫

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক পরীক্ষাসমূহের ফি ধার্য করা সম্পর্কে অনলাইনে মতামত প্রদান।

সূত্র: ১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৫.৯৯.৩২.২৫.১৮১, তারিখ: ২৭.০৮.২০২৫ খ্রি:
২। বিভিন্ন জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত পরীক্ষার ফি নির্ধারণ সংক্রান্ত পত্রসমূহ।

উপর্যুক্ত বিষয়ে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হয়। উক্ত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক পরীক্ষাসমূহে কোন ফি গ্রহণ করা হয় না। সম্প্রতি মাগুরা, লালমনিরহাট, ফেনী এবং সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের পত্র, মতবিনিময় সভা এবং বিভিন্ন সংগঠনের পক্ষ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে পরীক্ষার ফি নির্ধারণের জন্য নিম্নলিখিত যৌক্তিকতা উপস্থাপন করা হয়:

ক. সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক পরীক্ষায় কোন ফি ধার্য না থাকায় অনেক সময় শিক্ষার্থী ও অভিভাবকদের পরীক্ষার বিষয়ে যথাযথ গুরুত্ব এবং আগ্রহের অভাব লক্ষ্য করা যাচ্ছে।

খ. সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত পরীক্ষাসমূহে প্রতীকী বা সামান্য পরিমাণে ফি নির্ধারণের বিষয়টি বিবেচনায় নেওয়া হলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে পরীক্ষার প্রতি মনোযোগ ও গুরুত্ব বৃদ্ধি পাবে।

গ. সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত পরীক্ষাসমূহের ফি নির্ধারণ করা হলে শিক্ষার মান উন্নয়ন, পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অভিভাবকদের সম্পৃক্ত করা সম্ভব হবে।

২। সারাদেশে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৬৫,৫৬৯টি। প্রত্যেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠদান কার্যক্রম পরিচালনা করাসহ বিনামূল্যে বই বিতরণ করা হয়। শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করা এবং ঝড়ে পড়ার হার রোধে সকল শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান এবং শিক্ষা সহায়ক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়। বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা এবং সার্বিক পরিস্থিতির বিবেচনায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক পরীক্ষাসমূহে প্রতীকী বা সামান্য পরিমাণে ফি নির্ধারণ করা সমীচীন হবে কিনা সে বিষয়ে মতামত আহবান করা হলো। বিগত সময়ের পরীক্ষার ফিসমূহ পর্যালোচনায় এ বছর হতে নিম্নরূপ হারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষার ফি ধার্য করার প্রস্তাব করা হয়েছে:

| ক্রমিক | শ্রেণির নাম | পরীক্ষার ফি (টাকা) |
|---|---|---|
| ১ | ১ম শ্রেণি | ২০ |
| ২ | ২য় শ্রেণি | ২০ |
| ৩ | ৩য় শ্রেণি | ৩০ |
| ৪ | ৪র্থ শ্রেণি | ৪০ |
| ৫ | ৫ম শ্রেণি | ৫০ |

উল্লেখ্য যে, কোন ছাত্র-ছাত্রী পরীক্ষার ফি দিতে অসমর্থ হলে তার পরীক্ষার ফি মওকুফের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখপূর্বক বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা এবং সার্বিক পরিস্থিতির বিবেচনায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক পরীক্ষাসমূহে প্রতীকী বা সামান্য পরিমাণে ফি নির্ধারণ করা সমীচীন হবে কিনা সে বিষয়ে যে কোন লিখিত মতামত আগামী ১৮.১১.২০২৫ তারিখের মধ্যে **scy@mopme.gov.bd/ adlscy@mopme.gov.bd** মেইলে প্রেরণ করার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা হলো।

২৮।১০।২০২৫

রেবেকা সুলতানা
যুগ্মসচিব
ফোন: +৮৮-০২২২৩৩৫৭২৫৫
email: sassch2@mopme.gov.bd

অনুলিপি:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।